গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
খালিয়াজুরী, নেত্রকোণা।
fisheries.khaliajuri.netrokona.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৭২৩৮.০০০.৫০১.২৭.০০০৪.২৬.৯৭

তারিখঃ ০৩ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

২০২৫-২৬ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় মৎস্য অধিদপ্তরের পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তির নিমিত্ত খালিয়াজুরী উপজেলাধীন মেন্দিপুর ইউনিয়ন এর রোয়াইল বিল সংলগ্ন প্লাবনভূমি ও খালিয়াজুরী সদর ইউনিয়ন এর কীর্তনখোলা বিল সংলগ্ন প্লাবনভূমিতে রুই জাতীয় মাছের সুস্থ, সবল ও জীবন্ত পোনামাছ সরবরাহ ও অবমুক্তির নিমিত্ত প্রকৃত পোনামাছ উৎপাদনকারী / খামারী/ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে নিম্ন বর্ণিত শর্তাবলী ও ছক মোতাবেক সীলমোহরকৃত খামে কোটেশন/ দরপত্র আহ্বান করা যাচ্ছে। পোনামাছ ক্রয়/ সরবরাহ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি আগামী ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে জানা যাবে। কোটেশন/ দরপত্র সমূহ ১৭/০৬/২০২৬ খ্রি. তারিখ বেলা ০৩.০০ ঘটিকা হতে ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখ বেলা ০৩.১৫ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেশন বাক্সে গ্রহণ করা হবে এবং ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় উপস্থিত কোটেশন/দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**শর্তাবলীঃ**

১। শুধুমাত্র প্রকৃত পোনা উৎপাদনকারী, খামারী, নার্সারী মালিক, পোনা সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কোটেশন দাখিল করতে পারবে।

২। সরবরাহকৃত রুই জাতীয় পোনামাছ মধ্যে রুই ৩৫%, কাতলা ৩০% এবং মৃগেল/কালিবাউশ/ঘনিয়া ৩৫% হতে হবে।

৩। রুই জাতীয় পোনামাছের আকার রুই, কাতলা, মৃগেল, কালিবাউশ, ঘনিয়া ১০-১৫ সে.মি. হবে।

৪। প্রজাতি ভিত্তিক পৃথক ভাবে সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবন্ত পোনামাছ সরবরাহ করতে হবে।

৫। প্রতি কেজি পোনার গড় বাজার মূল্যের উপর সর্বনিম্ন কোটেশন দাতার কোটেশন গ্রহণ করা হবে এবং তার অনুকূলে বরাদ্দ অনুযায়ী সরবরাহ আদেশ প্রদান করা হবে।

৬। পোনা সরবরাহের সরবরাহ আদেশ প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিজ ব্যয়ে পোনামাছ পরিবহণ করে কার্যাদেশে উল্লেখিত স্থানে সরবরাহ ও অবমুক্তির ব্যবস্থা করতে হবে।

৭। সরবরাহ আদেশে বর্ণিত নির্ধারিত তারিখের আগে বা পরে পোনামাছ সরবরাহ করা হলে সে পোনামাছ গ্রহণ করা হবে না।

৮। হাল সনের ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি কোটেশনের সাথে জমা দিতে হবে।

৯। সরবরাহকারী নিজে কোটেশন পূরণ পূর্বক স্বাক্ষর করবেন।

১০।সকল কার্যাদি পি.পি.আর. ২০২৫ অনুযায়ী করা হবে।

১১। সরবরাহ আদেশ প্রাপ্তির ০২ দিনের মধ্যে কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সুস্থ, সবল ও জীবন্ত পোনা সরবরাহ করতে হবে।

১২। পোনামাছ সরবরাহ করার পর ০৩ কপি বিল উপজেলা মৎস্য কর্মকর্তা, খালিয়াজুরী, নেত্রকোণা বরাবরে দাখিল করতে হবে।

১৩। কোটেশন দাতার বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট, আয়কর ও অন্যান্য সরকারি কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।

CamScanner

১৪। পোনামাছের গড়মূল্য বাজার দর এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। বাজার মূল্যের সাথে পোনামাছের গড়মূল্য খুব কম/বেশি হলে উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন/ দরহার গ্রহণ অথবা সকল কোটেশন /দরহার বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। উদ্ধৃত দরহার অংকে ও কথায় লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা গ্রহণযোগ্য হবে না। প্রতি কেজি পোনামাছের মূল্য পূর্ণ টাকায় লিখতে হবে।

১৭.০৬.২০২৬

মাহবুবুর রহমান
উপজেলা মৎস্য কর্মকর্তা
খালিয়াজুরী, নেত্রকোণা।
ই-মেইলঃufokhaliajuri@fisheries.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৭২৩৮.০০০.৫০১.২৭.০০০৪.২৬.৯৭

তারিখঃ ০৩ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ।
৩। জেলা মৎস্য কর্মকর্তা, নেত্রকোণা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, খালিয়াজুরী, নেত্রকোণা।
৫। উপজেলা কৃষি/ প্রাণিসম্পদ/ সমাজসেবা কর্মকর্তা ,খালিয়াজুরী, নেত্রকোণা।
৬। চেয়ারম্যান ........................................................ ইউনিয়ন (সকল), খালিয়াজুরী, নেত্রকোণা।
৭। জনাব.........................................................................................................., খালিয়াজুরী, নেত্রকোণা।
৮। নোটিশ বোর্ড ........................................................, খালিয়াজুরী, নেত্রকোণা।
৯। সংশ্লিষ্ট নথি।

১৭.০৬.২০২৬

মাহবুবুর রহমান
উপজেলা মৎস্য কর্মকর্তা
খালিয়াজুরী, নেত্রকোণা।

CamScanner